



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
শিক্ষা ও কল্যাণ শাখা
www.sylhet.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৭.৯৯.০২০.১৮.৪৫৭

তারিখ: ২১ আশ্বিন ১৪২৭

০৬ অক্টোবর ২০২০

বিষয়: 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদান।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠপ্রশাসন সংযোগ অধিশাখা-এর ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের

০৪.০০.০০০০.৫১২.২০.০০৯.২০.৪৫৭ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এসাথে প্রেরণ করা হলো। পত্রে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অনলাইন/সরাসরি অংশগ্রহণের মাধ্যমে 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। উক্ত পত্রের সাথে সংযোজিত প্রতিযোগী বাছাই সংক্রান্ত নির্দেশিকায় আগামি ১৫/১০/২০২০ তারিখে অনুষ্ঠিতব্য রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীগণ অনলাইনে অংশগ্রহণ করে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত ই-মেইলে বা অন্য কোন মাধ্যমে রচনা জমা দেয়ার নির্দেশনা রয়েছে। অনলাইনে অংশগ্রহণ করা সম্ভব না হলেও শিক্ষার্থী নিজ হাতে লিখে হার্ড কপি স্ব-স্ব বিদ্যালয়/ প্রতিষ্ঠানে দিতে পারবেন। প্রতিষ্ঠান প্রধানগণ সংগৃহীত রচনাবলি উপজেলা নির্বাহী অফিসার বরাবর জমা দেবেন এবং উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন মর্মে উল্লেখ রয়েছে। তাছাড়া উপজেলা প্রশাসন হতে প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান বরাবর এ সংক্রান্ত একটি নির্দেশনা প্রেরণ করার জন্য বলা হয়েছে। উক্ত প্রতিযোগিতার বিষয়বস্তু ও সময়সূচি নিম্নে উল্লেখ করা হলো।

প্রতিযোগিতার ধরণ	প্রতিযোগিতার বিষয়	শিক্ষার্থীদের অংশগ্রহণ/বিভাজন	শব্দ সংখ্যা	জমা দেয়ার মাধ্যম	জমা দেয়ার সময়
রচনা প্রতিযোগিতা	'বঙ্গবন্ধু ও মানবাধিকার'	গ্রুপ-ক : নবম ও দশম শ্রেণি (সমমান)	সর্বোচ্চ ৭০০	acedusylhet @mopa.gov.bd অথবা শিক্ষার্থীগণ নিজ হাতে লিখে রচনার হার্ড কপি স্ব-স্ব বিদ্যালয়ে জমা দেবেন। প্রতিষ্ঠান প্রধান রচনাবলি উপজেলা নির্বাহী অফিসার বরাবর জমা দেবেন এবং উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।	১৫ অক্টোবর ২০২০ বিকাল ৫.০০ টা পর্যন্ত
		গ্রুপ-খ: একাদশ ও দ্বাদশ শ্রেণি (সমমান)	সর্বোচ্চ ১২০০		

০২। রচনা প্রতিযোগিতার চূড়ান্ত উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, বয়স, মোবাইল নম্বর, শ্রেণি, রোল নম্বর, প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রেরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা সফলভাবে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : সাত পাতা

৬-১০-২০২০

আ.ন.ম বদরুদ্দোজা
অতিরিক্ত জেলা প্রশাসক
ফোন: ০৮২১-৭২২৭১৬

বিতরণ :

১) অধ্যক্ষ,, সিলেট

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট

৩) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা
শিক্ষা অফিস, সিলেট (বর্ণিত স্মারকপত্রটি সিলেট জেলার সকল
শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য
অনুরোধ করা হল)

৪) প্রধান শিক্ষক/শিক্ষিকা,

....., সিলেট

ইমেইল:

adceduictsyhet@mopa.gov.bd